# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৫৯৫

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ১. তৃতীয় অনুচ্ছেদ - রোগী দেখা ও রোগের সাওয়াব

### আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ مَاتَ مَرِيضًا مَاتَ شَهِيدًا أَوْ وُقِيَ فِتْنَةَ الْقَبْرِ وَغُدِيَ وَرِيحَ عَلَيْهِ بِرِزْقِهِ مِنَ الْجَنَّةِ» . رَوَاهُ ابْنُ مَاجَهْ وَالْبَيْهَقِيُّ فِي شُعَبِ الْإِيمَانِ

### বাংলা

১৫৯৫-[৭৩] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, যে ব্যক্তি রোগে ভুগে মারা যায়, সে শাহীদ হয়ে মারা গেল; তাকে কবরের ফিতনাহ্ হতে রক্ষা করা হবে। এছাড়াও সকাল-সন্ধ্যায় তাকে জান্নাত থেকে রিযক্ব (রিজিক/রিযিক) দেয়া হবে। (ইবনু মাজাহ, বায়হাক্বী’র শু’আবুল ঈমান)[1]

### ফুটনোট

[1] মাওযূ‘ : আত্ তিরমিযী ১৬১৫, শু‘আবুল ঈমান ৯৪২৫, সিলসিলাহ্ আয্ য‘ঈফাহ্ ৪৬৬১, য‘ঈফ আল জামি‘ আস্ সগীর ৫৮৫০। কারণ এর সানাদে ইব্রাহীম বিন মুহাম্মাদ রয়েছে যাকে ইয়াহ্ইয়া বিন সা‘ঈদ এবং ইবনু মা‘ঈন মিথ্যুক বলেছেন আর দারাকুত্বনী মাতরূক বলেছেন।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: সিনদী বলেনঃ হাদীস যদি সহীহ হয় তাহলে নির্ধারিত রোগের উপর প্রমাণ বহন করবে যেমন পেটের অসুখ।

ইবনু হাজার বলেন, এটা সাধারণভাবে সকল রোগের উপর প্রযোজ্য হবে তবে অন্য হাদীস সীমাবদ্ধ করেছে যে, পেটজনিত রোগে মৃত্যুবরণ করবে তাকে ক্ববরে শাস্তি দেয়া হবে না। সকাল সন্ধ্যা রিযক্ব (রিজিক/রিযিক) দেয়া হবে অর্থ সর্বদাই রিযক্ব দেয়া হবে। আল্লাহর বাণীঃ أُكُلُهَا دَائِمٌ “সর্বদাই রিযক্ব প্রদান করা হবে।” (সূরাহ্ আর্ রাদ ১৩ : ৩৫)

সম্ভাবনা রয়েছে নির্ধারিত দু’সময়ে তাদের জন্য খাস রিযেক্বর ব্যবস্থা রয়েছে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56155

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন